

## তৃতীয় ভারত-আঞ্চলিক আর্থিক জনগোষ্ঠী(আরইসি) বৈঠক

বিদেশসচিব(পশ্চিম) শ্রী দীননাথ খুল্লার ২০-২১ আগস্ট ২০১৪ নয়াদিল্লিতে অনুষ্ঠিত ভারত-আফ্রিকার আঞ্চলিক আর্থিক জনগোষ্ঠীর তৃতীয় বৈঠকের পৌরোহিত্য করবেন।

আফ্রিকাতে অনেকগুলি আঞ্চলিক আর্থিক জনগোষ্ঠী রয়েছে। তারমধ্যে আটটি আফ্রিকা ইউনিয়ন দ্বারা স্বীকৃত। এইগুলির মধ্যে রয়েছে পূর্ব ও দক্ষিণ আফ্রিকার মধ্যে অভিন্ন বাজার(সিওএমইএসএ), পূর্ব আফ্রিকা জনগোষ্ঠী(ইএএস), মধ্য আফ্রিকা দেশের আর্থিক গোষ্ঠী(ইসিসিএএস), উন্নয়ন বিষয়ক আন্ত-সরকারি কঢ়পক্ষ(আইজিএডি), দক্ষিণ আফ্রিকা উন্নয়ন গোষ্ঠী(এসএডিসি), পশ্চিম আফ্রিকা দেশসমূহের আর্থিক গোষ্ঠী(ইসিওডল্লিউওএস), সাহেল-সাহারা দেশসমূহের গোষ্ঠী(সিইএনএসএডি) এবং আরব মাঝরেব ইউনিয়ন(ইউএমএ)।

প্রথম ও দ্বিতীয় ভারত-আরইসি বৈঠক ২০১০ সালের নভেম্বর এবং ২০১১ সালের নভেম্বর মাসে নয়াদিল্লিতে অনুষ্ঠিত হয়। এই বৈঠকে আরইসির উচ্চপদস্থ অফিসার সহ সেকরেটারি জেনারেল অথবা প্রেসিডেন্টরা উপস্থিত থাকবেন।

সফররত আরইসি প্রতিনিধিরা ২০ আগস্ট ২০১৪ রাষ্ট্রমন্ত্রী জেনারেল(অবসরপ্রাপ্ত) ডঃ ভি কে সিং-এর সংগে সাক্ষাৎ করবেন।

আরইসি প্রতিনিধিরা ভারত সরকারের বিভিন্ন বিভাগ, মন্ত্রক ও সংস্থা সহ ঐক্যমতের সংগে গৃহীত কর্মসূচীওপ্রকল্পগুলিতে কর্মরত নাগরিক সমাজ সংস্থার সংগেও সাক্ষাৎ করবেন। এইগুলির মধ্যে রয়েছে কৃষি গবেষণা ও শিক্ষা বিভাগ(ডিএআরই), তিলোনিয়ার বেয়ারফুট কলেজ, দ্য এনার্জি অ্যান্ড রিসার্চ ইনসিটিউট(টেরি) প্রভৃতি। ২০ আগস্ট ২০১৪ সন্ধ্যায় কনফেডারেশন অব ইন্ডিয়ান ইনডাস্ট্রি (সিআইআই) ভারতীয় বণিক সমাজের শীর্ষস্থরের প্রতিনিধিদের সংগে আরইসির একটি বার্তালাপের আয়োজন করছেন।

২১ আগস্ট ২০১৪ আরইসির সংগে টেলিকমিউনিকেশানস কনসাল্টেন্টেস ইন্ডিয়া লিমিটেড(টিসিআইএল) ও ইন্ডিয়ান কাউন্সিল অব ওয়ার্ল্ড অ্যাফেয়ার্স((আইসিডিলিউএ)র সংগেও বৈঠক হবে।

আফ্রিকার আরইসি একটি অভিন্ন বাজার তৈরি এবং গুণগত মান ও নিয়মাবলীর মধ্যে সামঞ্জস্য রক্ষার লক্ষ্যে নিরন্তর কাজ করে আসছে এবং আফ্রিকার দেশসমূহে ভারতের লগ্নি ও বাণিজ্য বৃদ্ধির ক্ষেত্রে এটা এক গুরুত্বপূর্ণ প্রভাব বিস্তার করেছে। প্রতিষ্ঠান নির্মাণ, মানব সম্পদ উন্নয়ন, খাদ্য ও কৃষি পরিকল্পনাকরণের ক্ষেত্রে আরইসি ভারতের সংগে সহযোগিতা বৃদ্ধি করতে প্রবল আগ্রহী। ভারত-আফ্রিকা সম্পর্ক সুদৃঢ় করতে তৃতীয় ভারত-আরইসি বৈঠক এক উপযুক্তো মঞ্চ হয়ে উঠবে।

**নয়াদিল্লি**

২০ আগস্ট ২০১৪